# তালিকা-১৯

## ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)

## Triple Protection Policy (With Profit) (Table-19)

**ভূমিকা:**

দেশের আপামর জনগণের নিকট থেকে ন্যূনতম প্রিমিয়াম গ্রহণের মাধ্যমে সর্বাধিক নিরাপত্তার ব্যবস্থা করার লক্ষ্যেই এ বীমা পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। স্বল্প প্রিমিয়ামের বিনিময়ে সর্বোচ্চ বীমা ঝুঁকি গ্রহণ করে বীমাগ্রাহক ও তাদের উত্তরাধিকারীগণ/পরিবার-পরিজনকে সর্বাধিক আর্থিক নিরাপত্তা নিশ্চিত করাই এ বীমা পরিকল্পনার মূল উদ্দেশ্য।

**যাদের জন্য উপযোগী:**

শুধুমাত্র Standard Life সম্পন্ন পুরুষ ও মহিলা এ বীমা স্কিম গ্রহণ করতে পারবেন। Standard Life বলতে যারা বিপদসংকুল পেশায় নিয়োজিত নয় এবং সুস্বাস্থ্যের অধিকারী। সাধারণত সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা স্বায়ত্তশাসিত/ব্যাংক, সংঘবিধিবদ্ধ সংস্থা, কর্পোরেশনসমূহের অফিসার/কর্মচারী, ব্যবসায়ী, বাণিজ্যিক পর্যটক, কারখানার মালিক (ঝুঁকিবিহীন কার্যাদির তত্ত্বাবধায়ক), স্থপতিগণ Standard Life এর অন্তর্ভুক্ত। কোন Sub-standard ঝুঁকি সম্পন্ন পেশার লোক এ বীমা স্কিমের আওতা বহির্ভূত থাকবে।

**বৈশিষ্ট্যাবলি/সুবিধাবলি:**

- প্রবেশকালীন বয়স: সবনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৪৮ বছর।
- সর্বনিম্ন বীমা অংক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং সর্বোচ্চ বীমা অঙ্ক ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকা।
- মেয়াদ: ১২-২০ বছর।
- মেয়াদপূর্তীকালীন সর্বোচ্চ বয়স ৬০ বছর।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: ষান্মাসিক ও বার্ষিক।
- প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যায়।
- পলিসির মেয়াদের মধ্যে দূর্ঘটনাজনিত কারণে বীমাগ্রাহকের মৃত্যুতে বীমা অঙ্কের তিন গুণ টাকা মৃত্যু দাবী হিসেবে প্রদেয়।
- পলিসির মেয়াদের মধ্যে বীমাগ্রাহকের স্বাভাবিক মৃত্যুতে বীমা অঙ্কের দ্বিগুণ টাকা মৃত্যু দাবী হিসেবে প্রদেয়।
- পলিসির মেয়াদপূর্তিতে আকর্ষণীয় বোনাসসহ মূল বীমা অঙ্ক প্রদেয়।
- বীমাগ্রাহক যদি কোন দুর্ঘটনায় সম্পূর্ণ অক্ষম হন (Permanent Disabled) তাহলে তাৎক্ষণিকভাবে বীমা অঙ্কের সমপরিমাণ টাকা প্রদেয় এবং বীমা স্কিমের অবশিষ্ট মেয়াদের প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে। মেয়াদান্তে বোনাসসহ বীমা অঙ্ক প্রদেয়।
- বীমাগ্রাহক যদি কোন দুর্ঘটনায় আংশিক পঙ্গু (Partital Disabled) হন তাৎক্ষণিকভাবে বীমা অঙ্কের অর্ধেক প্রদান করা হবে কিন্তু বীমাগ্রাহককে অবশিষ্ট মেয়াদ পর্যন্ত প্রিমিয়াম চালিয়ে যেতে হবে এবং মেয়াদান্তে বোনাসসহ বীমা অঙ্ক প্রদেয়।
- বীমা স্কিমটি ২ (দুই) বছর সচল থাকার পর বীমাগ্রাহককে ঋণ ও সমর্পণ মূল্য প্রদান করা যাবে।
- এই বীমার সাথে কোন অতিরিক্ত বীমা সুবিধা গ্রহণ করা যাবে না।
- বীমার অঙ্ক ও প্রিমিয়াম প্রদান পদ্ধতির জন্য কোন রেয়াত (রিবেট) নাই।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।


"সকল শ্রেণি পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মূল উদ্দেশ্য।"

## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- দেনমোহর বীমা
- প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- হজ্জ বীমা (লাভসহ)
- প্রগতিশীল মেয়াদী বীমা
- ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- বহু কিস্তি বীমা (লাভসহ)
- মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- একক প্রিমিয়াম বীমা
- প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- শিশু নিরাপত্তা বীমা।
- জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web: jbc.gov.bd


ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
Triple Protection Policy (With Profit) (Table-19)





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

## তালিকা-১৯

## ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)

**স্কিমটির প্রতি হাজার বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়ামের হার নিম্নে প্রদান করা হল:**

| নিকটতম জন্মদিনে বয়স | মেয়াদকাল | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১২ বছর | ১৩ বছর | ১৪ বছর | ১৫ বছর | ১৬ বছর | ১৭ বছর | ১৮ বছর | ১৯ বছর | ২০ বছর |
| ১৮ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭১ | ৬৩.৭৬ | ৫৯.৪১ | ৫৫.৫৬ | ৫২.১২ |
| ১৯ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭১ | ৬৩.৭৬ | ৫৯.৪১ | ৫৫.৫৬ | ৫২.১২ |
| ২০ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭১ | ৬৩.৭৬ | ৫৯.৪১ | ৫৫.৫৬ | ৫২.১২ |
| ২১ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭১ | ৬৩.৭৬ | ৫৯.৪১ | ৫৫.৫৬ | ৫২.১২ |
| ২২ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭১ | ৬৩.৭৬ | ৫৯.৪১ | ৫৫.৫৬ | ৫২.১৫ |
| ২৩ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭১ | ৬৩.৭৬ | ৫৯.৪১ | ৫৫.৫৯ | ৫২.২০ |
| ২৪ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭১ | ৬৩.৭৬ | ৫৯.৪৫ | ৫৫.৬৫ | ৫২.২৮ |
| ২৫ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭১ | ৬৩.৮২ | ৫৯.৫৩ | ৫৫.৭৪ | ৫২.৩৮ |
| ২৬ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯২ | ৭৪.৩৭ | ৬৮.৭৮ | ৬৩.৯১ | ৫৯.৬৩ | ৫৫.৮৬ | ৫২.৫১ |
| ২৭ | ৯৭.৬২ | ৮৮.৫৭ | ৮০.৯৪ | ৭৪.৪৭ | ৬৮.৮৮ | ৬৪.০২ | ৫৯.৭৬ | ৫৬.০০ | ৫২.৬৭ |
| ২৮ | ৯৭.৬২ | ৮৮.৬০ | ৮১.০৪ | ৭৪.৫৮ | ৬৯.০১ | ৬৪.১৭ | ৫৯.৯২ | ৫৬.১৮ | ৫২.৮৬ |
| ২৯ | ৯৭.৬৮ | ৮৮.৭২ | ৮১.১৭ | ৭৪.৭৩ | ৬৯.১৭ | ৬৪.৩৫ | ৬০.১২ | ৫৬.৩৯ | ৫৩.০৯ |
| ৩০ | ৯৭.৮১ | ৮৮.৮৭ | ৮১.৩৩ | ৭৪.৯১ | ৬৯.৩৭ | ৬৪.৫৬ | ৬০.৩৫ | ৫৬.৬৪ | ৫৩.৩৬ |
| ৩১ | ৯৭.৯৮ | ৮৯.০৫ | ৮১.৫৩ | ৭৫.১২ | ৬৯.৬০ | ৬৪.৮১ | ৬০.৬২ | ৫৬.৯৩ | ৫৩.৬৭ |
| ৩২ | ৯৮.১৮ | ৮৯.২৭ | ৮১.৭৬ | ৭৫.৩৭ | ৬৯.৮৭ | ৬৫.১০ | ৬০.৯৩ | ৫৭.২৭ | ৫৪.০৩ |
| ৩৩ | ৯৮.৪১ | ৮৯.৫২ | ৮২.০৪ | ৭৫.৬৭ | ৭০.১৯ | ৬৫.৪৪ | ৬১.২৯ | ৫৭.৬৫ | ৫৪.৪৫ |
| ৩৪ | ৯৮.৬৯ | ৮৯.৮২ | ৮২.৩৫ | ৭৬.০০ | ৭০.৫৫ | ৬৫.৮২ | ৬১.৭০ | ৫৮.০৯ | ৫৪.৯১ |
| ৩৫ | ৯৯.০১ | ৯০.১৬ | ৮২.৭২ | ৭৬.৩৯ | ৭০.৯৬ | ৬৬.২৭ | ৬২.১৭ | ৫৮.৫৯ | ৫৫.৪৪ |
| ৩৬ | ৯৯.৩৮ | ৯০.৫৫ | ৮৩.১৪ | ৭৬.৮৪ | ৭১.৪৪ | ৬৬.৭৭ | ৬২.৭১ | ৫৯.১৬ | ৫৬.০৪ |
| ৩৭ | ৯৯.৮০ | ৯১.০০ | ৮৩.৬১ | ৭৭.৩৪ | ৭১.৯৭ | ৬৭.৩৩ | ৬৩.৩১ | ৫৯.৭৯ | ৫৬.৭১ |
| ৩৮ | ১০০.২৯ | ৯১.৫১ | ৮৪.১৫ | ৭৭.৯১ | ৭২.৫৮ | ৬৭.৯৭ | ৬৩.৯৮ | ৬০.৫০ | ৫৭.৪৭ |
| ৩৯ | ১০০.৮৩ | ৯২.০৯ | ৮৪.৭৬ | ৭৮.৫৬ | ৭৩.২৫ | ৬৮.৬৯ | ৬৪.৭৪ | ৬১.৩০ | ৫৮.৩১ |
| ৪০ | ১০১.৪৫ | ৯২.৭৪ | ৮৫.৪৫ | ৭৯.২৮ | ৭৪.০১ | ৬৯.৪৯ | ৬৫.৮৫ | ৬২.১৯ | ৫৯.২৪ |
| ৪১ | ১০২.১৪ | ৯৩.৪৭ | ৮৬.২২ | ৮০.০৯ | ৭৪.৮৭ | ৭০.৩৯ | ৬৬.৫২ | ৬৩.১৮ | |
| ৪২ | ১০২.৯২ | ৯৪.২৯ | ৮৭.০৭ | ৮০.৯৯ | ৭৫.৮১ | ৭১.৩৮ | ৬৭.৫৭ | | |
| ৪৩ | ১০৩.৭৯ | ৯৫.২০ | ৮৮.০৩ | ৮২.০০ | ৭৬.৮৭ | ৭২.৪৯ | | | |
| ৪৪ | ১০৪.৭৬ | ৯৬.২১ | ৮৯.১০ | ৮৩.১১ | ৭৮.০৪ | | | | |
| ৪৫ | ১০৫.৮৪ | ৯৭.৩৫ | ৯০.২৮ | ৮৪.৩৫ | | | | | |
| ৪৬ | ১০৭.০৪ | ৯৮.৬০ | ৯১.৬০ | | | | | | |
| ৪৭ | ১০৮.৩৭ | ৯৯.৯৯ | | | | | | | |
| ৪৮ | ১০৯.৮৫ | | | | | | | | |

### উদাহরণ:

৩৫ বছর বয়সের একজন ব্যক্তি ৫ লক্ষ টাকার ১টি ট্রিপল প্রটেকশন বীমা গ্রহণ করলে তার প্রিমিয়াম ও দাবী নিম্নরূপ হবে:

(ক) ১২ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ৪৯,৫০৫/- টাকা। ১২ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৫,৯৪,০৬০/- টাকা। মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী) প্রদেয় ৬,৯৮,০০০/-টাকা।

- দূর্ঘটাজনিত অনাকাঙ্খিত মৃত্যুতে বীমাকৃত টাকার ৩গুণ (১৫ লক্ষ টাকা) প্রাপ্য হবেন।
- স্বাভাবিক মৃত্যুতে বীমা অংকের দ্বিগুন (১০ লক্ষ টাকা) নমিনীকে প্রদান করা হবে।
- দুর্ঘটনায় সম্পূর্ণ পঙ্গু (Permanent Disabled) হন তাৎক্ষণিক ভাবে ৫,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন এবং মেয়াদ শেষে মূল বীমা অঙ্কের অর্জিত বোনাসসহ প্রদান।
- দুর্ঘটনায় আংশিক পঙ্গু (Partial Disabled) হন তাৎক্ষণিক ভাবে ২,৫০,০০০/- টাকা প্রাপ্য হবেন এবং বীমাটি চালু থাকলে মেয়াদ শেষে মূল বীমা অঙ্ক অর্জিত বোনাসসহ প্রদান করা হবে।

(খ) ২০ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ২৭,৭২০/-টাকা। ২০ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৫,৫৪,৪০০/-টাকা। মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী) প্রদেয় ১০,২০,০০০/-টাকা।

- দূর্ঘটাজনিত অনাকাঙ্খিত মৃত্যুতে বীমাকৃত টাকার ৩গুণ (১৫ লক্ষ টাকা) প্রাপ্য হবেন।
- স্বাভাবিক মৃত্যুতে বীমা অংকের দ্বিগুন (১০ লক্ষ টাকা) নমিনীকে প্রদান।
- দুর্ঘটনায় সম্পূর্ণ পঙ্গু (Permanent Disabled) হন তাৎক্ষণিকভাবে ৫,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন এবং মেয়াদ শেষে অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক প্রদান করা হবে।
- দুর্ঘটনায় আংশিক পঙ্গু (Partial Disabled) হন তাৎক্ষণিকভাবে ২,৫০,০০০/- টাকা প্রাপ্য হবেন। বীমাটি চালু থাকলে মেয়াদ শেষে অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক প্রদান।

### দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্রাদি:

**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**

১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**

দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি-১। বীমা দলিল, ২। দাবী ফরম ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৪। জাতীয় পরিচয়পত্রের ফটেকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬। কবরস্থান সনদপত্র ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মুদ্রণ: ১৫/০৬/২০২৩